

-১-

ঢাকা ওয়াসা

বিষয়ঃ সি. এম বিভাগের আওতায় ০২ (দুই) জন লিঙ্ক অপারেটরের সেপ্টেম্বর/২৬ইং মাসের সেবামূল্য অনুমোদন প্রসঙ্গে।

- ১) ২০২৬-২৭ অর্থ বৎসরের পরিকল্পনার কপি।
- ২) ঢাকা ওয়াসার সেটআপ অনুযায়ী সি. এম বিভাগের জনবলের বিবরণী।
- ৩) স্মারক নং-০৭.০০.০০০০.০০০.১৫৩.৯৯.০০০১.২১-১৭৮ তারিখঃ ১৫-০৪-২০২৫ ইং মোতাবেক আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ এর অধীনে সংশ্লিষ্ট সেবা সমূহের সেবা মূল্য নির্ধারণ সংক্রান্ত পরিপত্রের ফটোকপি।
- ৪) দর বিশ্লেষণ।
- ৫) প্রস্তাবিত প্রাক্কলন।

- ১। ক্রমিক নং-১ হতে ৫ দেখা যেতে পারে। ঢাকা ওয়াসা ভবন এর যাবতীয় মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ সি. এম বিভাগ হতে সম্পন্ন হয়। ওয়াসা ভবনে মোট ০৬ (ছয়) টি যাত্রীবাহি লিঙ্ক রয়েছে। উক্ত ০৬ (ছয়) টি লিঙ্ক দ্বারা ঢাকা ওয়াসার কর্মকর্তা ও কর্মচারীসহ আগত ভিজিটর যাতায়াত করেন। এই ০৬ (ছয়) টি লিঙ্ক পরিচালনা করার জন্য ০২ জন নিয়মিত ও ০১ জন আউটসোর্সিং লিঙ্ক অপারেটর ছিলেন। কিন্তু গত ০৭.০৭.২০২৫ ইং তারিখে ০১ জন নিয়মিত লিঙ্ক অপারেটর ও ২০.০৯.২০২৫ ইং তারিখে ০১ জন নিয়মিত লিঙ্ক অপারেটর পিআরএল চলে গেছে। তাছাড়া আউটসোর্সিং এ কর্মরত লিঙ্ক অপারেটর গত ৩০.১০.২০২৫ ইং তারিখে ইন্তেকাল করেছেন। ফলে বর্তমানে কোন লিঙ্ক অপারেটর নেই। ওয়াসা ভবনের লিঙ্ক স্বাভাবিক রাখার নিমিত্তে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ হতে ১৫-০৪-২০২৫ইং তারিখে জারীকৃত পরিপত্র অনুযায়ী (ক্রঃ নং-৩ দ্রঃ) ২ জন লিঙ্ক অপারেটর এর সেপ্টেম্বর/২০২৬ ইং মাসের জন্য ১টি প্রাক্কলন প্রস্তুত করা হল। যার টাকার পরিমাণ ৪৫,৯৯৫/- (পঁয়তাল্লিশ হাজার নয়শত পঁচানব্বই) টাকা মাত্র (ক্রঃ নং-৫ দ্রঃ)। আলোচ্য কাজটি জরুরী বাস্তবায়ন প্রয়োজন।
- ২। বর্ণিত কাজটি ব্যয় সি. এম বিভাগের ২০২৬-২০২৭ ইং অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের “অফিস দালান রক্ষণাবেক্ষণ” 151 খাত হতে নির্বাহ করা হবে।
- ৩। এমতাবস্থায়, সি. এম বিভাগের আওতায় ০২ (দুই) জন লিঙ্ক অপারেটরের সেপ্টেম্বর/২৬ইং মাসের সেবামূল্য প্রদানের জন্য উপস্থাপিত প্রাক্কলন ৪৫,৯৯৫/- (পঁয়তাল্লিশ হাজার নয়শত পঁচানব্বই) টাকা মাত্র PPR-২০২৫ এর ৯৯(১)ড ধারা মোতাবেক আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ ঠিকাদার “আমির কন্সট্রাকশন” এর সহিত সরাসরি চুক্তি (DPM) ভিত্তিতে ভৌতসেবা হিসেবে বাস্তবায়নের অনুমোদন দেয়া যেতে পারে। সদয় অনুমোদনে জন্য উপস্থাপন করা হল।

২০/১/২৬
রাজিয়া সুলতানা
উপ-সহকারী প্রকৌশলী
সি এম বিভাগ
ঢাকা ওয়াসা।

২০/০৯/২৬
মুস্তা সাহা
নির্বাহী প্রকৌশলী
সিএম বিভাগ
ঢাকা ওয়াসা

১৭/০৭/২৫
মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।

১৭/০৭/২০২৫
আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

৪৫৯৯৫/-